দৈনিক ইত্তেফাক

তারিখ ... 6 APR 1987

পৃষ্ঠা ... ১ ... কলাম ৮

024

# উচ্চ শিক্ষার মান নিশ্চিত করিতে হইবে

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান গতকাল (শনিবার) আকস্মিক পরিদর্শনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ ও ইডেন

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(১ম পৃষ্ঠার পর)

মহিলা বিশ্ববিদ্যালয় কলেজে যান।

ছাত্র-শিক্ষকদের স্বতঃস্ফূর্ত সমাবেশে ভাষণদানকালে মন্ত্রী বলেন, দেশে শিক্ষার সুযোগ-সুবিধা সম্প্রসারণে সরকার দৃঢ়-প্রতিজ্ঞ। সেইসঙ্গে শিক্ষক ও ছাত্রদের উচ্চ শিক্ষার প্রয়োজনীয় মানও নিশ্চিত করিতে হইবে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে মন্ত্রী পরীক্ষার হল, কলেজ ভবন ও ছাত্রাবাস ঘুরিয়া ফিরিয়া দেখেন ও তাঁহার সঙ্গে উপস্থিত শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা ও প্রকৌশলীদের আগামী ৭ দিনের মধ্যে সম্ভাব্য সংস্কার, মেরামত, বিদ্যুৎ ও পানি সরবরাহের কাজ সুসম্পন্ন করার নির্দেশদেন। জাতীয় সংসদ হুইপ জনাব রুহুল আমিন হাওলাদার এ সময় মন্ত্রীর সাথে ছিলেন।

শিক্ষামন্ত্রী ইডেন মহিলা বিশ্ববিদ্যালয় কলেজ পরিদর্শনকালে কলেজ ও হোস্টেলের সমস্যাদি লইয়া শিক্ষকদের সহিত আলোচনা করেন। জাতীয় ছাত্রসমাজ প্রতিনিধিগণ কলেজের হোস্টেল, ক্লাস রুম ও লাইব্রেরীর দুঃখজনক অবস্থা মন্ত্রীকে অবহিত করেন। তাহারা ছাত্রীদের জন্য বাস অথবা কোচের ব্যবস্থার জন্য এবং কয়েনবক্স টেলিফোনের ব্যবস্থারও অনুরোধ জানান। শিক্ষামন্ত্রী আশ্বাস দেন যে, শীঘ্রই লাইব্রেরীর পুস্তক ক্রয়, কলেজ ক্লাস-রুম ও হোস্টেলের আসবাবপত্র ও মেরামতের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হইবে। প্রেস বিজ্ঞপ্তি।